দৈনিক ইত্তেফাক 42

তারিখ 02 JAN 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

# সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী স্থগিত

(ইত্তেফাক রিপোর্ট)

সাবেক সরকারের গৃহীত সার্বজনীন অবৈতনিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম অনিবার্য কারণে স্থগিত ঘোষণা করা হইয়াছে। পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী ১লা জানুয়ারী '৯১ হইতে দেশব্যাপী সার্বজনীন অবৈতনিক প্রাথমিক

(১০ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

( ১ম পৃঃ পর )

শিক্ষা চালু হওয়ার কথা ছিল।

গতকাল (মঙ্গলবার) শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে অস্থায়ী প্রেসিডেন্টের শিক্ষা উপদেষ্টা অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম স্থগিত রাখার সিদ্ধান্ত জানাইয়া বলেন, নির্বাচিত সরকার ক্ষমতায় আসিয়া এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন।

তিনি বলেন, সাবেক সরকারের গৃহীত সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী একটি ভাল পদক্ষেপ, কিন্তু ইহা একটি অবাস্তব পরিকল্পনা। রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই পরিকল্পনা নেওয়া হইয়াছিল। তাছাড়া এই বিশাল পরিকল্পনা স্বল্প সময়ের মধ্যে বাস্তবায়ন মোটেই সম্ভব নয়। সার্বজনীন প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন করিতে হইলে ৪০ লক্ষ শিশুর জন্য ৪৪ হাজার নূতন শ্রেণীকক্ষ, প্রয়োজনীয় বই খাতা, বিপুল সংখ্যক শিক্ষকের প্রয়োজন হইবে, যাহা মোটেই সহজ সাধ্য নয়। শিক্ষা উপদেষ্টা বলেন, নির্বাচিত সরকার ক্ষমতায় আসার পর প্রকল্পটি পুনর্মূল্যায়ন করিয়া পর্যায়ক্রমে বাস্তবায়নের পদক্ষেপ নিতে পারেন।